

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মীরসরাই, চট্টগ্রাম

### হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মীরসরাই উপজেলাধীন মিঠাছরা বাজার (সরকারী মূল্য) ১,৪১,৮৯,০৫৪/-, জোরারগঞ্জ বাজার- ২৩,১৭,২৩৪/-, করেরহাট বাজার- ৬,৬৩,২০৭/-, আবুরহাট বাজার- ৭,৬৮,৯৯১/-, বামনসুন্দর দারগাহাট বাজার- ১৯,৫৯,৭৬৭/-, আবুতোরাব বাজার- ১২,৪০,৭৮৩/-, কৈলাশগঞ্জ বাজার- ১৯,০৬,৬৫৭/-, বড়তাকিয়া বাজার- ৮,৫৩,৩০০/-, কয়লা বাজার-২,৪৭,৪৩৯/-, হাতিফকিরহাট বাজার -৪,৫৪,৪২২/-, চৌধুরীহাট বাজার- ৫২,৩৯৯/-, আজমপুর বাজার- ৫০,৬৮৬/-, মাদবারহাট বাজার- ৫৮,৩০০/-, বুলনপোল বাজার - ১,৮৬,৯৫৫/-, এছাৎ ড্রাইভারহাট বাজার- ১,৮৬,৩৮৯/-, টেকেরহাট বাজার - ৪০,২৮৭/-, ভরদ্বাজ চৌধুরীর হাট বাজার - ১,১০,২৪৩/-, চৈতন্যেরহাট বাজার - ৯০,৯২২/-, মঘাদিয়া সাধুর বাজার- ১,৮৩,৫৭৪/-, কমরআলী বাজার-২,৫৫,৯৯০/-, সরকারহাট বাজার -৩,২৬,৬৯২/-, ছোট কমলদহ বাজার- ১,৬৫,৯২৫/-, সাহেরখালী ভোরের বাজার- ৫,৬৭,৩০৯/-, মিঠানালা বোর্ড অফিস বাজার -৩৫,৪৮০/-, মিঠানালা ভোরের বাজার- ২৪,০৬২/-, গজারিয়া বাজার- ৩৩,২৮৪/-, ডাকঘর বাজার- ৯,৭১৭/-, ঠাকুরহাট বাজার - ১৮,৪৪৪/-, সমিতিরহাট বাজার- ৫৩,২৮৩/-, ঠাকুরদিঘী বাজার- ৫,৯২৪/-, সুফিয়া বাজার- ৯১,৭৩৯/- সমূহ ১৪৩০ বাংলা সনের ১ লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত অগ্রহী ব্যক্তি/ইজারাদারদের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত তারিখে দরপত্রসমূহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মীরসরাই / সহকারী কমিশনার (ভূমি), মীরসরাই এর কার্যালয়/ জেলা প্রশাসক, চট্টগ্রাম এর কার্যালয় (স্থানীয় সরকার শাখায়) এবং মীরসরাই থানায় রক্ষিত টেন্ডার বাক্সে বেলা ১২.৩০ ঘটিকা পর্যন্ত জমা দেয়া যাবে। একইদিন বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্রসমূহ উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।


বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে প্রতিদিন অফিস চলাকালীন সময়ে দরপত্র খোলার পূর্বদিন পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মীরসরাই, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মীরসরাই থানা, জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) এবং সোনালী ব্যাংক, মীরসরাই শাখা হতে দরপত্রের সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। এছাড়া বিস্তারিত তথ্য দরপত্রের সাথে সরবরাহ করা হবে।

কোন হাট-বাজারের প্রথম পর্যায়ে ইজারা দরপত্র গৃহীত হলে পরবর্তী পর্যায়ে ইজারা দরপত্র গ্রহণ করা হবে না এবং ইজারা দরপত্র গৃহীত না হলে ইজারা কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত পর্যায়েক্রমে পরবর্তী তারিখসমূহে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে। এক্ষেত্রে আর কোন ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হবেনা। এ জন্য প্রত্যেকবার ইজারার দরপত্র দাখিলের জন্য দরপত্রসমূহ নির্ধারিত মূল্যে উল্লিখিত দপ্তরসমূহ হতে ক্রয় করতে হবে।

ক্র: নং	বিক্রয়ের তারিখ	দাখিলের তারিখ	সিডিউলের মূল্য
১ম পর্যায়	২৪/০১/২০২৩ খ্রি. হতে ০৮/০২/২০২৩ খ্রি.	০৯/০২/২০২৩ খ্রি.	হাটবাজারের ইজারা মূল্য ০১) ১.০০ লক্ষ টাকা পর্যন্ত
২য় পর্যায়	১৫/০২/২০২৩ খ্রি. হতে ২২/০২/২০২৩ খ্রি.	২৩/০২/২০২৩ খ্রি.	হলে ৫০০/= টাকা, ০২) ১ লক্ষ টাকা উর্ধ্বে হতে ২
৩য় পর্যায়	২৬/০২/২০২৩ খ্রি. হতে ০৯/০৩/২০২৩ খ্রি.	১২/০৩/২০২৩ খ্রি.	লক্ষ টাকা পর্যন্ত ১০০০/= টাকা, ০৩) ২.০০ লক্ষ
৪র্থ পর্যায়	১৫/০৩/২০২৩ খ্রি. হতে ২১/০৩/২০২৩ খ্রি.	২২/০৩/২০২৩ খ্রি.	টাকার উর্ধ্বে প্রতি লক্ষ বা তার ভগ্নাংশ টাকার জন্য
৫ম পর্যায়	২৩/০৩/২০২৩ খ্রি. হতে ২৯/০৩/২০২৩খ্রি.	৩০/০৩/২০২৩ খ্রি.	১০০০/= টাকার সাথে অতিরিক্ত ২০০/= টাকা করে
			যোগ করতে হবে। (ইজারা মূল্য বলতে সরকারি মূল্যকে বুঝাবে)

দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% (৫% জামানতসহ) ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই এর অনুকূলে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।


অনুমোদিত ডাককারীকে ইজারামূল্যের উপর ১০% আয়কর, ১৫% ভ্যাটসহ অবশিষ্ট টাকা ইজারা প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে জমা দিতে হবে। যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
মাহফুজা জোরিন  
উপজেলা নির্বাহী অফিসার  
মীরসরাই, চট্টগ্রাম

চলমান-২

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা
- ০২। জেলা প্রশাসক, চট্টগ্রাম
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চট্টগ্রাম
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম
- ০৫। সহকারী কমিশনার (ভূমি), মীরসরাই, চট্টগ্রাম
- ০৬। অফিসার ইনচার্জ, মীরসরাই থানা/জোরারগঞ্জ থানা, মীরসরাই, চট্টগ্রাম
- ০৭। চেয়ারম্যান (সকল)..... ইউপি, মীরসরাই, চট্টগ্রাম
- ০৮। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ..... ঢাকা/দৈনিক ....., চট্টগ্রাম  
আগামী ১৭/০১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে যে কোন একদিন উল্লিখিত বিজ্ঞপ্তিখানা ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল).....ইউনিয়ন ভূমি অফিস, মীরসরাই, চট্টগ্রাম। বিষয়টি ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১০। জনাব .....ইজারাদার .....বাজার (অবগতির জন্য)

  
উপজেলা নিবাহী অফিসার  
মীরসরাই, চট্টগ্রাম